

**নোয়াখালী জেলার সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট এবং উপজেলা সমবায় অফিস, সুবর্ণচর, নোয়াখালী  
কর্তৃক আয়োজিত ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন।**

স্থান - নিজেরা করি, আঞ্চলিক কার্যালয়, চর জব্বর অঞ্চল, উপজেলা-সুবর্ণচর, জেলা-নোয়াখালী।

তারিখ- ১৬/০৬/২০২১ খ্রি।

নোয়াখালী জেলার সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট এবং উপজেলা সমবায় অফিস, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক বিগত ১৬-০৬-২০২১ খ্রি. তারিখে দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।


উপজেলা সমবায় অফিসার, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক উক্ত প্রশিক্ষণের প্রয়োজনীয়তা এবং প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বিভিন্ন বিষয়ে সমবায়ীদের দক্ষতা অর্জন সংক্রান্ত দিক নির্দেশনা মূলক স্বাগত বক্তব্য প্রদান করেন।

পরবর্তীতে প্রশিক্ষণ সূচী অনুসরণ করে নিম্নবর্ণিতভাবে অতিথি বক্তৃতা দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন।

ক্র নং	অতিথি বক্তৃতা নাম	পদবী	প্রশিক্ষণের বিষয়বস্তু
১	জনাব মোঃ হারুন অর রশিদ	উপজেলা কৃষি অফিসার সুবর্ণচর, নোয়াখালী	কৃষি বিষয়ে সফলতা কৌশল বিষয়ক আলোচনায় আধুনিক কৃষি উপকরণ যেমন সার, বীজ কীটনাশক ইত্যাদি সুষ্ঠু ব্যবহার বিষয়ক ধারণা ও বাড়ির আঙ্গিনায় শাক-সবজি ফলমূল চাষ করে আয় বৃদ্ধিকরণ, খামার তৈরীর কর্মকৌশল বর্ণনা করেন।
২	জনাব মোঃ আনোয়ার হোসেন	উপজেলা সমবায় অফিসার সুবর্ণচর, নোয়াখালী	সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠান এবং সাধারণ সদস্য অধিকার ও কর্তব্য সম্পর্কে আলোচনা করেন।
৩	মোঃ খোরশেদ আলম	উপজেলা মৎস্য অফিসার সুবর্ণচর, নোয়াখালী	মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টি বিষয়ক ধারণা ও মৎস্য চাষ বিষয়ে সফলতার কৌশল বিষয়ক আলোচনা ও খামার তৈরীর কর্মকৌশল বর্ণনা করেন।

সর্বশেষে উপজেলা সমবায় কর্মকর্তার আহবানে প্রশিক্ষণার্থীদের মধ্য হতে ০৬ নং উদ্দীপনা ভূমিহীন যৌথকৃষি সমবায় সমিতি লিঃ এর সদস্য জনাব নুরুল হক প্রশিক্ষণের সার্বিক মূল্যায়ন করে অভিমত ব্যক্ত করেন। বিশেষ করে উপজেলা কৃষি অফিসার এবং উপজেলা মৎস্য অফিসার কর্তৃক যে সকল বিষয়ে বক্তব্য প্রদান করেন সে সকল বিষয়ে সদস্যগণের দৈনন্দিন জীবনে বাস্তবমুখি উপকারে আসবে বলে তিনি তার বক্তব্যে তুলে ধরেন।

উক্ত প্রশিক্ষণের কিছু স্থিরচিত্র এতদসঙ্গে সংযুক্ত করা হল।



*Signature*  
২৪/০৬/২০২১